উপজেলা পরিষদের মাসিক সভার কার্যবিবরণী (মাসঃ জুন/২০২২)

অধিবেশনঃ-১১৭

উপদেষ্টা : জনাব আনোয়ারুল আবেদীন খান (তুহিন), মাননীয় জাতীয় সংসদ সদস্য

১৫৪-ময়মনসিংহ-৯, নান্দাইল, ময়মনসিংহ।

সভাপতি : জনাব হাসান মাহমুদ জুয়েল, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নান্দাইল।

স্থান : উপজেলা পরিষদ সভা কক্ষ।

তারিখ : ৩০ জুন, ২০২২ খ্রিঃ।

সময় : বেলা ১১.০০ ঘটিকা।

সভায় উপস্থিত সম্মানিত সদস্যগণের হাজিরা পরিশিষ্ট 'ক' তে সংযুক্ত।

সভার প্রারম্ভে সভাপতির অনুরোধক্রমে পবিত্র কোরআন থেকে তেলাওয়াত করেন উপজেলা পরিষদ জামে মসজিদের সহকারী ইমাম জনাব আবু বক্কর সিদ্দিক। অতঃপর চেয়ারম্যান, উপজেলা পরিষদ নান্দাইল এর অনুমতিক্রমে উপজেলা নির্বাহী অফিসার নান্দাইল কর্তৃক আলোচ্যসূচী অনুযায়ী সভার কাজ নিম্ন বর্ণিতভাবে আরম্ভ করেন :

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| **০১। উপজেলা নির্বাহী অফিসার বিগত সভার কার্যবিবরণী পাঠ করেন।** | **বিগত সভার কার্যবিবরণীতে কোন সংযোজন ও বিয়োজন না থাকায় এবং কোন সংশোধনী প্রস্তাব উত্থাপিত না হওয়ায় তা সর্বসম্মতিক্রমে গৃহীত ও অনুমোদিত হয়।** | **সংশ্লিষ্ট সদস্যগণ।** |
| **০২। মাননীয় জাতীয় সংসদ সদস্য মহোদয়** উপজেলা পরিষদ প্রশাসনিক ভবনের পঞ্চম তলায় আইসিটি ল্যাব স্থাপন এবং শেখ রাসেল ডিজিটার ল্যাব স্থাপন বিষয়ে আলোচনা করেন।<br>সহকারী প্রোগ্রামারকে ডিও লেটার প্রস্তুত করা জন্য পরামর্শ প্রদান করেন। | সহকারী প্রোগ্রামার, প্রয়োজনী উন্নয়নমূলক কাজের ডিও লেটার প্রস্তুতকরে মাননীয় জাতীয় সংসদ সদস্য মহোদয় এঁর সাথে যোগাযোগ করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | সহকারী প্রোগ্রামার |
| বিএডিসি কার্যালয়ের আওতায় সেচ উন্নয়ন কার্যক্রমে প্রকল্প গ্রহনের জন্য পরামর্শ প্রদান করেন। এ বিষয়ে উপসহকারী প্রকৌশলী (বিএডিসি) কে ডিও লেটার প্রস্তুত করার জন্য পরামর্শ প্রদান করেন।<br>১৩টি ইউনিয়নে ১০টি করে লেবুর চারা বিতরন করার বিষয়ে আলোচনা করেন। | উপসহকারী প্রকৌশলী (বিএডিসি) প্রয়োজনী উন্নয়নমূলক কাজের ডিও লেটার প্রস্তুতকরে মাননীয় জাতীয় সংসদ সদস্য মহোদয় এঁর সাথে যোগাযোগ করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপসহকারী প্রকৌশলী (বিএডিসি) |
| উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয়ের আওতায় যুব সংগঠন তৈরী বিষয়ে পরামর্শ প্রদান করেন।<br>উপজেলা পরিষদের বিভিন্ন উন্নয়নমূলক কার্যক্রম বিষয়ে আলোচনা ও পরামর্শ প্রদান করেন। | ২৫-৩০ জন সদস্যের মাধ্যমে যুব সংগঠন তৈরী করার সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল)/ সংশ্লিষ্ট সদস্যগণ। |
| **০৩। উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে,** এখন পর্যন্ত যারা ভ্যাকসিন নেননি তাদেরকে দ্রুত বুস্টার ডোজ ভ্যাকসিন নেয়ার পরামর্শ প্রদান করেন। সকল ইউপি চেয়ারম্যানগনকে বুস্টার ডোজ ভ্যাকসিন কার্যক্রমে সহযোগিতা করার পরামর্শ প্রদান করেন। | সকল ইউপি চেয়ারম্যানগনকে বুস্টার ডোজ ভ্যাকসিন কার্যক্রমে সহযোগিতা করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল)। |
| উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা, নান্দাইল এবং উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, নান্দাইলকে অত্র উপজেলায় নতুন যোগদান করায় উপজেলা পরিষদের পক্ষে অভিনন্দন জ্ঞাপন করেন। | উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা এবং উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, নান্দাইলকে উপজেলা পরিষদের পক্ষে অভিনন্দন জ্ঞাপন করা হয়। | সকল সদস্যগণ |
| উপজেলা প্রকৌশলীর অফিসের আরএমপি প্রকল্প বিষয়ে আলোচনা করেন। এবিষয়ে প্রতিটি ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগনকে চিঠি দিয়ে অবহিত করার পরামর্শ প্রদান করেন। | উপজেলা প্রকৌশলীর অফিসের আরএমপি প্রকল্প বিষয়ে প্রতিটি ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগনকে চিঠি দিয়ে অবহিত করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী, নান্দাইল। |
| **০৪। উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা জানান যে,** কোভিড- | উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে গাইনি কনসালটেন্ট | উপজেলা স্বাস্থ্য ও |

| | | |
|---|---|---|
| ১৯ করোনা ভাইরাসের প্রভাব এবং প্রচারনা বিষয়ে আলোচনা করেন।<br>বুস্টার ডোজ ভ্যাকসিন কার্যক্রম বিষয়ে আলোচনা করেন।<br>অতিবৃষ্টির কারনে অনেক জয়গায় বন্যা হয়েছে। এবিষয়ে সকল সদস্যগণকে সচেতন থাকার বিষয়ে আলোচনা করেন।<br>অত্র উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে গাইনি কনসালটেন্ট ডাক্তার রয়েছে। কোন রোগীকে ময়মনসিংহ জেলা শহরে নেওয়ার পূর্বে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে যোগাযোগ করার জন্য পরামর্শ প্রদান করেন। অত্র হাসপাতালে সকল ধরণের সেবা কার্যক্রম চলমান রয়েছে।<br>কমিউনিটি ক্লিনিকের সার্বিক সেবা কার্যক্রম বিষয়ে আলোচনা করেন। | ডাক্তার রয়েছে। কোন রোগীকে ময়মনসিংহ জেলা শহরে নেওয়ার পূর্বে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে যোগাযোগ করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | পঃপঃ কর্মকর্তা, নান্দাইল। |
| **০৫। উপজেলা কৃষি বিভাগ ঃ উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে,** খরিপ-২/২০২২-২৩ মৌসুমে উৎপাদন মৌসুমের বীজ তলা আবাদ কার্যক্রম শুরু হয়েছে। আবহাওয়া অনুকুলে থাকলে জুলাই মাসের মাঝামাঝি সময়ে বীজতলা স্থাপন সম্পন্ন হবে।<br><br>অত্র উপজেলায় রোপা আমন আবাদ সম্প্রসারণের ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের মাঝে বিনামূল্যে ৫৮০ জন কৃষককে বীজ ও রাসায়নিক সার প্রণোদনা করা হবে। ইউনিয়ন ভিত্তিক বিভাজন ইউনিয়ন কৃষি পূর্ণবাসন কমিটি কর্তৃক তালিকা সম্পন্ন হয়েছে।<br>জুন/২০২২ মাসে ২০০ মেঃ টন ইউরিয়া সারের বরাদ্দ প্রদান করা হয়েছে। এ পর্যন্ত ১৫০ মেঃ টন সার উত্তোলন হয়েছে। ২৮০ মেঃ টন টিএসপি, ১৮ মেঃ টন ডিএপি এবং ১৭ মেঃ টন এমওপি সার মজুদ রয়েছে। | কোন ধরনের রাসায়নিক সারের সংকট যেন না হয় এবং দোকান মনিটরিং ব্যবস্থা জোরদার করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি কর্মকর্তা, নান্দাইল। |
| **০৬। উপজেলা মৎস্য বিভাগ :** সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা জানান যে, এনএটিপি প্রকল্পের আওতায় পিও সদস্যদের ৩৫ জনকে প্রশিক্ষন প্রদান বিষয়ে আলোচনা করেন।<br><br>দুইটি বিলে যুগের হাওড়, রাজগাতী এবং টঙ্গী বিল, আচারগাঁও এ অবস্থিত বিলে বিল নার্সারীতে উৎপাদিত পোনা মাছ অবমুক্তকরণ বিষয়ে আলোচনা করেন।<br>চাষিদের পানি পরীক্ষা সহ পরামর্শ প্রদান করা হয় হচ্ছে।<br><br>সিআইজি সদস্যদের মাঝে উপকরন (মাছের খাদ্য, পোনা) বিতরণ এবং বিভিন্ন সেবা কার্যক্রম চলমান রয়েছে। | এনএটিপি প্রকল্পের আওতায় পিও সদস্যদের ৩৫ জনকে নীতিমালা মোতাবেক প্রশিক্ষন প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>পরিপত্র মোতাবেক নির্বাচিত স্থানে হাওড়, বিল এবং নার্সারীতে উৎপাদিত পোনা মাছ অবমুক্তকরনের সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>চাষিদের সেবা কার্যক্রম অব্যহত রাখতে হবে।<br><br>সিআইজি সদস্যদের মাঝে সুষ্ঠুভাবে উপকরন বিতরনের সিদ্ধান্ত গৃহীত হয়। | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, নান্দাইল।<br><br>সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, নান্দাইল।<br><br>সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, নান্দাইল। |
| **০৭। উপজেলা প্রাণী সম্পদ বিভাগ :** উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা জানান যে, তিনি উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা হিসেবে নবযোগদান করেছেন। পূর্বে তিনি জাতীয় চিরিয়াখানায় কর্মরতছিলেন। নতুন যোগদান করায় তিনি সকলের সহযোগী কামনা করেন।<br>করোনা পরিস্থিতির কারনে কোরবানির পশুর হাট জেলার সাথে সমন্বয় করে অনলাইনে আপলোড করা হয়েছে।<br>উপকারভোগী অনলাইনের মাধ্যমে যোগাযোগ করে কোরবানির পশু ক্রয় বিক্রয় করতে পারবেন।<br>পবিত্র ঈদ উল আযহা উপলক্ষ্যে উপজেলা প্রাণী সম্পদ অফিস হতে প্রতিটি হাট-বাজারে মেডিকেল টিম কাজ করবে। এবিষয়ে বিস্তারিত আলোচনা করেন। | উপস্থিত সকল সদস্যগণ অভিনন্দন জ্ঞাপন করেন এবং সকল সদস্যগণ সার্বিক সহযোগিতা করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>উপকারভোগীগন অনলাইনের মাধ্যমে যোগাযোগ করে কোরবানির পশু ক্রয় বিক্রয় করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>পবিত্র ঈদ উল আযহা উপলক্ষ্যে উপজেলা প্রাণী সম্পদ অফিসের মেডিকেল টিমদের হাট-বাজারে বসার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | সকল সদস্যগণ<br><br>সংশ্লিষ্ট সদস্যগন<br><br>চেয়ারম্যান ইউনিয়ন পরিষদ (সকল)/ ইজারাদারগণ |

| | | |
|---|---|---|
| **০৮। উপজেলা প্রকৌশল বিভাগ :** উপজেলা প্রকৌশলী জানান যে, ২০২১-২০২২ অর্থ বৎসরের বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি) এর সকল প্রকেল্পর কাজ ১০০% সম্পূর্ণ হয়েছে। বিভাগীয় অন্যান্য কার্যক্রম বিষয়ে আলোচনা করেন। | বিভাগীয় সকল উন্নয়নমূলক কাজ নীতিমালা মোতাবেক বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী (এলজিইডি) নান্দাইল। |
| **০৯। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জানান যে,** পবিত্র ঈদ উল আযহা উপলক্ষ্যে ভিজিএফ তালিকা প্রস্তুত, দাখিল এবং বিতরণ বিষয়ে আলোচনা করেন। ঈদ উল ফিতরের ভিজিএফ তালিকা যাচাই যাছাই করে তালিকা প্রস্তুতের জন্য আলোচনা করেন। ভিজিএফ তালিকা প্রস্তুত করে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের রেজুলেশনসহ দ্রুত উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসে দাখিল করার জন্য সকল ইউপি চেয়ারম্যানগনকে অনুরোধ করেন।<br>বিভাগীয় সকল কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | ঈদ উল ফিতরের ভিজিএফ তালিকা যাচাই যাছাই করে স্বাক্ষরকৃত তালিকা সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের রেজুলেশনসহ দ্রুত উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসে দাখিল করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>উন্নয়নমূলক সকল প্রকল্পের কাজ প্রাক্কলন মোতাবেক দ্রুত বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল)।<br>উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, নান্দাইল। |
| **১০। উপজেলা শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে,** নান্দাইল উপজেলায় ১৭৮টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে বিগত ২৮/০৬/২০২২-১৬/০৭/২০২২ পর্যন্ত গ্রীষ্মকালীন ও ঈদ উল আযহা উপলক্ষ্যে ছুটি চলমান রয়েছে। ইতোমধ্যে বঙ্গবন্ধু ও বঙ্গমাতা ফুটবল টুর্নামেন্ট/২০২২ ইউনিয়ন পর্যায়ের খেলা সম্পন্ন হয়েছে। প্রতিটি বিদ্যালয়ের ম্যানেজিং কমিটি গঠনের কাজ চলমান রয়েছে। এছাড়াও অন্যান্য কাজ স্বাভাবিক রয়েছে। | নীতিমালা অনুযায়ী শিক্ষা প্রতিষ্ঠানের সকল কাজ বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী, নান্দাইল/উপজেলা শিক্ষা কর্মকর্তা, নান্দাইল। |
| **১১। উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে,** তিনি উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্তকর্তা হিসেবে নতুন যোগদান করেছেন। উপস্থিত সকল সদস্যগণের সার্বিক সহযোগীতা কামনা করেন।<br>তিনি আরও জানান যে, দেশে বন্যা পরিস্থিতির কারনে ১৯/০৬/২০২২ ইং তারিখ এর এসএসসি ও দাখিল পরিক্ষা বন্ধ রয়েছে। পরবর্তিতে পরিক্ষার সময় সূচি জানানো হবে। | অত্র উপজেলায় নতুন যোগদানকৃত উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তাকে উপস্থিত সকল সদস্যগণ অভিনন্দন জ্ঞাপন করেন এবং সকল সদস্যগণ সার্বিক সহযোগিতা করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>সরকারি নির্দেশনা অনুযায়ী শিক্ষা প্রতিষ্ঠানের সকল কাজ বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | সকল সদস্যগণ<br>উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, নান্দাইল। |
| **১২। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা নান্দাইল সভায় জানান যে,** যুব কার্যক্রম সুষ্ঠু ও স্বাভাবিকভাবে চলমান রয়েছে। যুব কার্যক্রমকে আরো গতিশীল ও উদ্যোক্তা তৈরীর ক্ষেত্রে প্রতিটি ওয়ার্ডে কমপক্ষে একটি যুব সংগঠন তৈরী করার জন্য মাননীয় সংসদ সদস্য মহোদয়সহ সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানের সহযোগিতা কামনা করেন।<br>২১ বৎসর বয়সের কমপক্ষে ৮ম শ্রেনী পাশ যে কোন বেকার যুবক মোটর ড্রাইভিং প্রশিক্ষনের জন্য আবেদন করলে সাক্ষাতকারের মাধ্যমে পর্যায়ক্রমে প্রশিক্ষনের সুযোগ দেওয়া যাবে।<br>খেলাপী ঋণ আদায়ে তিনি সকলের সহযোগিতা কামনা করেন। | যুব কার্যক্রমকে আরো গতিশীল ও উদ্যোক্তা তৈরীর ক্ষেত্রে প্রতিটি ওয়ার্ডে কমপক্ষে একটি যুব সংগঠন তৈরী করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>মোটর ড্রাইভিং প্রশিক্ষনের জন্য ২১ বৎসর বয়সের কমপক্ষে ৮ম শ্রেনী পাশ যে কোন বেকার যুবক আবেদন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল)।<br>চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল) |
| **১৩। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান যে,** মা ও শিশুভাতা উপকারভোগীর তালিকা ও পরিপত্র বিষয়ে আলোচনা করেন।<br>ভিজিডি ডিও ও বিতরণ বিষয়ে আলোচনা করেন।<br>সভাপতি ও চেয়ারম্যান উপজেলা পরিষদ জানান যে, ভিজিডি কাজে নিয়োজিত এনজিও প্রতিনিধির বিষয়ে অভিযোগ করেছে। অভিযোগগুলি উত্থাপন করেন এবং এ বিষয়ে এনজিও প্রতিনিধির বিরুদ্ধে দ্রুত জেলা অফিসের সাথে যোগাযোগ করে উপজেলা মহিলা বিষয়েক কর্মকর্তা, নান্দাইল বিভাগীয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রস্তাব উত্থাপন করেন। | উপজেলা মহিলা বিষয়েক কর্মকর্তা, নান্দাইল অত্র উপজেলায় ভিজিডি কাজে নিয়োজিত এনজিও প্রতিনিধির বিরুদ্ধে জেলা অফিসের সাথে যোগাযোগ করে দ্রুত বিভাগীয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, নান্দাইল। |
| **১৪। উপসহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) সভায় জানান যে,** গভীর, অগভীর নলকূল স্থাপন এবং সাবমারসেবল স্থাপন | নীতিমালা মোতাবেক সাবমারসেবল, নলকূপ স্থাপন কাজগুলি পরিদর্শ পূর্বক বিল প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপসহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), নান্দাইল। |

| | | |
|---|---|---|
| কার্যক্রম চলমান রয়েছে। বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | | |
| **১৫। উপসহকারী প্রকৌশলী (বিএডিসি)** অত্র অফিসের মাধ্যমে সেচ উন্নয়ন কার্যক্রম বিষয়ে আলোচনা করেন।<br>বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | নীতিমালা মোতাবেক বিভাগীয় কার্যক্রম বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপসহকারী প্রকৌশলী (বিএডিসি) নান্দাইল। |
| **১৬। আমার বাড়ী আমার খামার (পল্লী সঞ্চয়ী ব্যাংক) উপজেলা সমন্বয়কারী জানান যে,** বিগত বছরের তুলনায় বর্তমান অর্থ বছরে ঋণ আদায়ের হার অনেক বৃদ্ধি পেয়েছে। এবিষয়ে বিস্তারিত আলোচনা করেন।<br>সার্বিকভাবে অফিসের কার্যক্রম সুন্দর ও সুষ্ঠুভাবে চলমান রয়েছে। | ঋণ আদায়ের কার্যক্রম অব্যহত রাখার এবং অফিসের কার্যক্রম সুন্দর ও সুষ্ঠুভাবে পরিচালনার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমন্বয়কারী আমার বাড়ী আমার খামার (পল্লী সঞ্চয়ী ব্যাংক) |
| **১৭। উপজেলা খাদ্য নিয়ন্ত্রণ কর্মকর্তা জানান যে,** অত্র কার্যালয়ে চাল ১২৪৭ মেঃটন সংগ্রহ করা হয়েছে।<br>ধান সংগ্রহ করা হয়নি।<br>রাজগাতী ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানকে খাদ্য গুদাম হতে ভিজিডি খাদ্য শস্য উত্তোলন এবং কাবিখা ডিও সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে উত্তোলনের জন্য অনুরোধ করেন। | রাজগাতী ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানকে খাদ্য গুদাম হতে ভিজিডি খাদ্য শস্য উত্তোলন এবং কাবিখা ডিও সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে উত্তোলনের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কর্মকর্তা, নান্দাইল। |
| **১৮। চেয়ারম্যান খারুয়া ইউনিয়ন পরিষদ সভায় জানান যে,** খারুয়া ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানের বাড়ী হতে হাটশিরা বাজার পর্যন্ত পাকা রাস্তাটি মেরামত করা প্রয়োজন। | খারুয়া ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানের বাড়ী হতে হাটশিরা বাজার পর্যন্ত পাকা রাস্তাটি মেরামত করার জন্য উপজেলা প্রকৌশলী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী, নান্দাইল। |
| **১৯। ভাইস চেয়ারম্যান উপজেলা পরিষদ জানান যে,** উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তার কার্যালয়ের আওতায় ক্লিনিক ও ডায়গনিষ্ট সেন্টার পরিদর্শন এবং স্বাস্থ্যসেবা বিষয়ে পরামর্শ প্রদান করেন। | নীতিমালা মোতাবেক ক্লিনিক ও ডায়গনিষ্ট সেন্টার পরিদর্শন এবং স্বাস্থ্যসেবা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, নান্দাইল। |
| **২০। সভাপতি ও চেয়ারম্যান উপজেলা পরিষদ জানান যে,** খারুয়া ইউনিয়নে কাদিরাবাদ সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সহকারি শিক্ষক জনাব মেহেদি হাসান একদিন (এক কার্যদিবস) বিদ্যালয়ে অনুপস্থিত থাকেন। প্রধান শিক্ষকের সাথে অনুপস্থিতির বিষয়ে সহকারি শিক্ষক রাগারাগি করে এবং প্রধান শিক্ষককে অপমান করে হাজিরা খাতার পাতা ছিড়ে/তুলে ফেলে। প্রধান শিক্ষক একটি স্কুলের সার্বিক শৃঙ্খিলার দায়িত্বে থাকেন। সহকারি শিক্ষক হয়ে তিনি শিক্ষা প্রতিষ্ঠানে প্রধান শিক্ষকের সাথে এভাবে দায়িত্বহীনতা ও অসদাচরন করতে পারেনা। হাজিরা খাতার পাতা ছিড়া/তুলে ফেলা একটি গুরতর অপরাধ। উক্ত অপরাধের জন্য তদন্ত করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের প্রস্তাব উত্থাপন করেন।<br>অত্র উপজেলা নতুন যোগদানকৃত উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা, নান্দাইল এবং উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, নান্দাইলকে অভিনন্দন জানান।<br>বিভাগীয় কার্যক্রম সুন্দর ও সুষ্ঠুভাবে বাস্তবায়নের জন্য পরামর্শ প্রদান করেন।<br>উপজেলা প্রাণী সম্পদ অফিসের আওতায় বিভিন্ন নিয়োগকার্যক্রম ও প্রনোদনা কর্মসূচীগুলি নীতমালা মোতাবেক উপজেলা পরিষদকে অবহিত করে বাস্তবায়ন করার জন্য পরামর্শ প্রদান করেন। | কাদিরাবাদ সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সহকারি শিক্ষক জনাব মেহেদি হাসান একদিন (এক কার্যদিবস) বিদ্যালয়ে অনুপস্থিত থাকেন। প্রধান শিক্ষকের সাথে অনুপস্থিতির বিষয়ে সহকারি শিক্ষক রাগারাগি করে অপমানকরে এবং হাজিরা খাতার পাতা ছিড়ে/তুলে ফেলে। উক্ত অপরাধের বিষয়ে জনাব মোঃ হাফিজুল ইসলাম, সহকারী শিক্ষা কর্মকর্তা, নান্দাইলকে তদন্ত করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>নতুন যোগদানকৃত উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা, নান্দাইল এবং উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, নান্দাইলকে অভিনন্দন জানান।<br>বিভাগীয় কার্যক্রম সুন্দর ও সুষ্ঠুভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>উপজেলা প্রাণী সম্পদ অফিসের আওতায় বিভিন্ন নিয়োগকার্যক্রম ও প্রনোদনা কর্মসূচীগুলি নীতমালা মোতাবেক উপজেলা পরিষদকে অবহিত করে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা শিক্ষা কর্মকর্তা/জনাব হাফিজুল ইসলাম, সহকারী শিক্ষা কর্মকর্তা, নান্দাইল।<br>চেয়ারম্যান উপজেলা পরিষদ, নান্দাইল।<br>সংশ্লিষ্ট বিভাগীয় প্রধান।<br>উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা, নান্দাইল। |

অতঃপর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি ও চেয়ারম্যান উপজেলা পরিষদ, নান্দাইল, ময়মনসিংহ কর্তৃক উপস্থিত সম্মানিত সকল সদস্যগণকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

৩০/৬/২২

(হাসান মাহমুদ জুয়েল)
সভাপতি
উপজেলা পরিষদ মাসিক সাধারণ সভা
ও
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
নান্দাইল, ময়মনসিংহ।

স্মারকনং- ৪৬.৪৫.৬১৭২.০০০.০৬.০০১.২২- ৬৫

তারিখ ঃ-৩০/০৬/২০২২ খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো :-

১। মাননীয় সংসদ সদস্য, ১৫৪- ময়মনসিংহ- ৯, নান্দাইল।
২। বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।
৩। জেলা প্রশাসক, ময়মনসিংহ।
৪। সিনিয়র সহকারী সচিব, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা শাখা-১/উপজেলা শাখা-২ বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।
৫। মেয়র, নান্দাইল পৌরসভা, নান্দাইল, ময়মনসিংহ।
৬। জনাব মোঃ সারোয়ার হাসান, ভাইস চেয়ারম্যান উপজেলা পরিষদ, নান্দাইল, ময়মনসিংহ।
৭। জনাব মনোয়ারা জুয়েল, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নান্দাইল, ময়মনসিংহ।
৮। উপজেলা ------------------------------------------------- অফিসার, নান্দাইল, ময়মনসিংহ।
৯। চেয়ারম্যান --------------------------------ইউনিয়ন পরিষদ, নান্দাইল, ময়মনসিংহ।
১০। অফিস কপি।

৩০/৬/২০২২

(মোহাম্মদ আবুল মনসুর)
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
ও
উপজেলা নির্বাহী অফিসার
নান্দাইল, ময়মনসিংহ।